

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.১৪.০০৫.২০১৬-১৬৫৮

তারিখঃ ১৭ পৌষ ১৪২৪  
৩১ ডিসেম্বর ২০১৭

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্থানীয় সরকার বিভাগ  
৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নামীন “ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা ও জনসেবা উন্নয়ন” শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অতিরিক্ত অর্থ অবমুক্তি প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৪.০০৫.২০১৬-১৬৫৫ নম্বর সরকারি আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী এবং অর্থ বিভাগের ৩১/১২/২০১৭ তারিখের ০৭.১১১.০১৪.০১.০৫.০৩৮.২০১৬-৭৩৭ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে জিওবি খাতের বরাদ্দ হইতে নিম্নরূপ অতিরিক্ত অর্থ বরাদ্দের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করিতেছিঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত পিসিপি অনুমোদিত/অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ (লক্ষ টাকায়)	মূলধন খাতের অর্থ (লক্ষ টাকায়)	মোট অবমুক্ত অর্থ (লক্ষ টাকায়)
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কোড নং-৫-৩৭- ৩৭০৫-৫০১৯- XXXX	“ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা ও জনসেবা উন্নয়ন” শীর্ষক প্রকল্প, কোড নং-৫-৩৭- ৩৭০৫-৫০১৯-XXXX	অনুমোদিত	১ম হতে ৪র্থ কিস্তি	-	২৬৬.০০	২৬৬.০০

১। এই অর্থ খরচে নিম্নোক্ত শর্ত প্রতিপালন করতে হবেঃ

- (১) পরবর্তী অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের পূর্বে ডিএসএল এর কিস্তি পরিশোধ নিশ্চিত করতে হবে;
- (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিসিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (৩) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে;
- (৪) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন;
- (৫) অনুমোদিত ডিপিপি’র অংগভিত্তিক ব্যয় করতে হবে এবং ডিপিপি’র প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না;
- (৬) অনুমোদিত ডিপিপি’র প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না;
- (৭) প্রকল্পটির অনুকূলে ছাড়কৃত অর্থ অনুমোদিত প্রকল্পের অনুমোদিত অংশের সংস্থান অনুযায়ী ব্যয় করতে হবে;
- (৮) নিজস্ব তহবিলের অংশ যথাযথভাবে ছাড়ের ব্যবস্থা করতে হবে।

২। এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০১৭-১৮) বার্ষিক উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত নং-৫-৩৭-৩৭০৫-৫০১৯-XXXX প্রকল্প কোড হইতে বহন করা হইবে।

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (তবে শুল্ক মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত)

৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না। পরবর্তী কিস্তির অর্থ প্রাপ্তির প্রস্তাবের সহিত প্রয়োজনীয় সকল ছকসহ ব্যাংক বিবরণী অবশ্যই প্রেরণ করিতে হইবে।

৫। বিধি-বিধান অনুসরণপূর্বক মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন।

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.১৪.০০৫.২০১৬-১৬৫৮/১(৬)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৪. উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৫. প্রকল্প পরিচালক, “ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা ও জনসেবা উন্নয়ন” শীর্ষক প্রকল্প, নগর ভবন, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।

(মোঃ মাহমুদুল আলম)  
উপসচিব  
ফোনঃ ৯৫১১৬০৩

তারিখঃ ১৭ পৌষ ১৪২৪  
৩১ ডিসেম্বর ২০১৭

(মোঃ মাহমুদুল আলম)  
উপসচিব